



আর্মড ফোর্সেস মেডিকেল ইনস্টিটিউট

ঢাকা সেনানিবাস

তারিখঃ ২৫ মার্চ ২০২৬

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে আর্মড ফোর্সেস মেডিকেল ইনস্টিটিউট (এএফএমআই) কর্তৃক ডিপ্লোমা কোর্সে বেসামরিক চিকিৎসক ভর্তির বিজ্ঞপ্তি

১। ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে জুলাই সেশনে বিএমএন্ডডিসি কর্তৃক স্বীকৃত এএফএমআই এর তত্ত্বাবধানে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) এর অধীনে পরিচালিত ০২ (দুই) বছর মেয়াদী ডিপ্লোমা কোর্সে সীমিত আসনে বেসামরিক চিকিৎসকদের ভর্তি করা হবে।

২। **ভর্তির বিষয় সমূহঃ** নিম্নবর্ণিত বিষয়সমূহে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে জুলাই সেশনে বেসামরিক চিকিৎসকদের ভর্তি করা হবেঃ

এ্যানেসথেসিওলজি	চাইল্ড হেলথ (পেডিয়াট্রিক্স)	ক্লিনিক্যাল প্যাথলজি	ডার্মাটোলজি এন্ড ভেনেরিওলজি
গাইনি এন্ড অবস্	অটোল্যারিংগোলজি	অফথালমোলজি	এন্ডোক্রাইনোলজি এন্ড মেটাবলিজম
সাইকিয়াট্রিক মেডিসিন	মেডিকেল রেডিও-ডায়াগনোসিস	কার্ডিওলজি	অর্থোপেডিক সার্জারী
ওরাল এন্ড ম্যাক্সিলোফেসিয়াল সার্জারি	কনজারভেটিভ ডেন্টিস্ট্রি	অর্থোডন্টিস্ট্রি	প্রস্ট্রোডন্টিস্ট্রি

৩। **প্রার্থীর যোগ্যতাঃ** যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এমবিবিএস/বিডিএস/সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং বিএমএন্ডডিসি এর স্থায়ী সনদপ্রাপ্ত যে কোন চিকিৎসক এই কোর্সে আবেদন করতে পারবেন।

৪। **ভর্তির আবেদন এবং পরীক্ষার নিয়মাবলীঃ**

- ক। অনলাইনে আবেদনের তারিখ : ০১ এপ্রিল ২০২৬ হতে ৩০ এপ্রিল ২০২৬ পর্যন্ত <https://www.afmibd.net> এই Website এ আবেদন করা যাবে (আবেদন সংক্রান্ত নীতিমালা এএফএমআই এর ওয়েবসাইটে বিস্তারিত দেয়া আছে)। উল্লেখ্য, অনলাইনে আবেদনের ক্ষেত্রে কোন জটিলতা দেখা দিলে সশরীরে এএফএমআই, ঢাকা সেনানিবাসে এসে আবেদন করা যাবে।
- খ। প্রবেশপত্র সংগ্রহের তারিখঃ ০১ মে ২০২৬ হতে ০৭ মে ২০২৬ পর্যন্ত। (এএফএমআই ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করতে হবে)
- গ। ভর্তি পরীক্ষার তারিখ ও সময়ঃ ০৮ মে ২০২৬ তারিখ ১০০০-১১৪০ ঘটিকা পর্যন্ত লিখিত পরীক্ষা শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে।
- ঘ। আবেদন ফি ৪,০০০.০০ (চার হাজার) টাকা (অফেরতযোগ্য)।
- ঙ। MCQ পদ্ধতিতে ০১ (এক) ঘন্টা ৪০ (চল্লিশ) মিনিটব্যাপী ১০০ (একশত) নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- চ। আগামী ১১ মে ২০২৬ তারিখে (সম্ভাব্য) লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীগণের তালিকা এবং মৌখিক পরীক্ষার তারিখ ও সময় এএফএমআই এর ওয়েব সাইটে প্রকাশিত হবে।
- ছ। মৌখিক পরীক্ষায় চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর কর্তৃক অনুমোদন স্বাপেক্ষে এএফএমআই এর ওয়েব সাইটে প্রকাশিত হবে।
- জ। নির্বাচিত প্রার্থীগণের ভর্তি কার্যক্রম ০৭ জুন ২০২৬ হতে ১১ জুন ২০২৬ পর্যন্ত অনুষ্ঠিত হবে। শূন্য আসন সাপেক্ষে অপেক্ষমান তালিকা হতে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে।
- ঝ। ভর্তি হওয়া প্রার্থীর নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে কোর্সের জন্য চূড়ান্তভাবে যোগ্য বলে বিবেচিত হবে।
- ঞ। আগামী ০১ জুলাই ২০২৬ তারিখ হতে চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীগণের ক্লাস শুরু হবে।

৫। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

মোঃ মোজাম্মেল হোসেন আল-আমিন
মেজর
এ্যাডজুটেন্ট
এএফএমআই, ঢাকা সেনানিবাস